গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
রাবার বিভাগ
টাংগাইল-শেরপুর জোন, মধুপুর, টাংগাইল।
E-mail: gmmadhupurrd@gmail.com

রাবার কাঠ শক্ত, টেকসই ও উন্নতমানের। আপনিও রাবার কাঠের আসবাবপত্র ব্যবহার করুন।

সূত্র নং ঃ-রাঃবিঃমধু/পঃউঃ/১(১৩)/২০২৪-২০২৫ / ৬০৯ তারিখ ঃ- ০৪/০৮/২০২৪ ইং

সভা ঃ সমন্বয় সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ মোহাম্মদ ইসমাইল হোসেন, মহাব্যবস্থাপক, বিএফআইডিসি, রাবার বিভাগ, টাংগাইল-শেরপুর জোন ।
তারিখ, সময় ও স্থান ঃ ২৮/০৭/২০২৪ ইং রবিবার সকাল ১১:০০ ঘটিকায় জি.এম দপ্তর ।
উপস্থিতি ঃ উপস্থিতি স্বাক্ষর পরিশিষ্ট "ক"

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উৎপাদন সংক্রান্ত বিষয়াবলী, নার্সারী ও পুনর্বাসন বাগান সৃজন, টেন্ডার বিষয়ক আলোচনা, জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন, স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নে কর্মপরিকল্পনা, অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত বিষয় নিয়ে বিষদ আলোচনা করা হয়। আলোচনা ও সিদ্ধান্তের বিষয়াবলী নিম্নরুপ ঃ-

<table>
<tr><th>আলোচ্য সূচী নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১।</td><td>বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।</td><td>পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠিত এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করার বিষয়ে সকলে একমত পোষণ করেন।</td><td>পূর্ববর্তী সভার কার্যবিবরণী সিদ্ধান্ত সমূহ দৃঢ় করা হলো</td><td>জোন দপ্তরের কর্মকর্তা বৃন্দ</td></tr>
<tr><td>০২।</td><td>উৎপাদনের বিবরণ</td><td>
<table>
<tr><th rowspan="2">বাগানের নাম</th><th colspan="3">জুন/২০২৩ খ্রি. মাসের উৎপাদন</th><th colspan="3">জুন/২০২৪ খ্রি. মাসের উৎপাদন</th><th></th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা (কেজি)</th><th>অর্জন (কেজি)</th><th>অর্জনের হার</th><th>লক্ষ্যমাত্রা (কেজি)</th><th>অর্জন (কেজি)</th><th>অর্জনের হার</th><th>গত বছরের চেয়ে কম/বেশী (-/+)</th></tr>
<tr><td>পীরগাছা</td><td>৩৬৫০০</td><td>৩৬১৫৯</td><td>৯৯%</td><td>২৯৫০০</td><td>১৮২১৬</td><td>৬২%</td><td>(-)১৭৯৪৩</td></tr>
<tr><td>চাঁদপুর</td><td>৩১৫০০</td><td>২১৮২৫</td><td>৬৯%</td><td>১৭০০০</td><td>১৪১১৫</td><td>৮৩%</td><td>(-)৭৭১০</td></tr>
<tr><td>সন্তোষপুর</td><td>৯৬০০</td><td>৭১৯১</td><td>৭৫%</td><td>৬৪০০</td><td>৫৬০৯</td><td>৮৮%</td><td>(-)১৫৮২</td></tr>
<tr><td>কমলাপুর</td><td>১৭৪০০</td><td>১৪৭৯৭</td><td>৮৫%</td><td>১৫৪০০</td><td>১১৫১৪</td><td>৭৫%</td><td>(-)৩২৮৩</td></tr>
<tr><td>কর্ণঝোড়া</td><td>৮১৫০</td><td>৭৪৮৩</td><td>৯২%</td><td>৭২০০</td><td>৩৪৯৬</td><td>৪৯%</td><td>(-)৩৯৮৭</td></tr>
<tr><td>মোট=</td><td>১০৩১৫০</td><td>৮৭৪৫৫</td><td>৮৫%</td><td>৭৫৫০০</td><td>৫২৯৫০</td><td>৭০%</td><td>(-)৩৪৫০৫</td></tr>
</table>
<table>
<tr><th rowspan="2">বাগানের নাম</th><th colspan="3">জুলাই/২২ হতে জুন/২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত উৎপাদন</th><th colspan="3">জুলাই/২৩ হতে জুন/২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত উৎপাদন</th><th></th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা (কেজি)</th><th>অর্জন (কেজি)</th><th>অর্জনের হার</th><th>লক্ষ্যমাত্রা (কেজি)</th><th>অর্জন (কেজি)</th><th>অর্জনের হার</th><th>গত বছরের চেয়ে কম/বেশী (-/+)</th></tr>
<tr><td>পীরগাছা</td><td>৯৩৪০০০</td><td>৭৬৩৯১৬</td><td>৮২%</td><td>৭৬০০০০</td><td>৭৩৪০৯৯</td><td>৯৭%</td><td>(-)২৯৮১৭</td></tr>
<tr><td>চাঁদপুর</td><td>৬৫৬০০০</td><td>৫৪২৬১৯</td><td>৮৩%</td><td>৫৪০০০০</td><td>৫২২০৬৭</td><td>৯৭%</td><td>(-)২০৫৫২</td></tr>
<tr><td>সন্তোষপুর</td><td>১৯৫০০০</td><td>১৩৭১০৪</td><td>৭০%</td><td>১৩৫০০০</td><td>১৩১২৩৫</td><td>৯৭%</td><td>(-)৫৮৬৯</td></tr>
<tr><td>কমলাপুর</td><td>৩৩৮০০০</td><td>৩১৫৩৫১</td><td>৯৩%</td><td>৩১০০০০</td><td>৩১২১৮৮</td><td>১০১%</td><td>(-)৩১৬৩</td></tr>
<tr><td>কর্ণঝোড়া</td><td>১৭১০০০</td><td>১৫৯৩৫১</td><td>৯৩%</td><td>১৫৫০০০</td><td>১৪৯০৩২</td><td>৯৬%</td><td>(-)১০৩১৯</td></tr>
<tr><td>মোট=</td><td>২২৯৪০০০</td><td>১৯১৮৩৪১</td><td>৮৪%</td><td>১৯০০০০০</td><td>১৮৪৮৬২১</td><td>৯৭%</td><td>(-)৬৯৭২০</td></tr>
</table>
উপরোক্ত রেকর্ড থেকে দেখা যায় জুন/২৪ মাসে চাঁদপুর ও সন্তোষপুর রাবার বাগান ব্যতীত সকল বাগানের উৎপাদন ৮০% এর নিচে রয়েছে। মহাব্যবস্থাপক মহোদয় জানান যে, এমন উৎপাদন কোন ভাবেই গ্রহণযোগ্য নয়। ২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ অর্জন হয়নি বলেও সভাপতি মহোদয় দুঃখ প্রকাশ করেন। সামনের ২০২৪-২৫ অর্থ বছরেও সামঞ্জস্যপূর্ণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। শতভাগ উৎপাদন অর্জন নিশ্চিত করতে সব রকম প্রতিকূলতা মোকাবেলায় আলোচনা করা হয়। সকল বাগান ব্যবস্থাপকগণ জানান সকল প্রতিকূলতা সমাধান করে উৎপাদন বৃদ্ধির জন্য সকল প্রচেষ্টা অব্যাহত আছে। সামনের দিনগুলোতে উৎপাদন অর্জনের হার বৃদ্ধি পাবে বলে জানান। সভার সভাপতি উৎপাদন শতভাগ বৃদ্ধির জন্য পরামর্শ দেন।</td><td>শতভাগ উৎপাদন অর্জন নিশ্চিত করতে হবে।</td><td>সকল বাগান ব্যবস্থাপক</td></tr>
</table>

০৪/৮/২৪

০৩।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন	সভাপতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কোয়ার্টার ভিত্তিক বিষয়সমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়ন, প্রমাণক সংগ্রহ ও মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রতি সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করেন। এপিএ কর্মসূচির ১ম কোয়ার্টারের সভা/কর্মশালা/ প্রশিক্ষণসহ অন্যান্য সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে নির্দেশ প্রদান করা হয়। বাগান ব্যবস্থাপকগণ বাগান ভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মচারী নির্বাচন করার বিষয়ে আলোচনা করেন এবং জোন দপ্তরের ফোকাল পয়েন্ট কর্মচারীকে সকল কাজের সমন্বয় করার নির্দেশ দেয়া হয়।	১। ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কোয়ার্টার ভিত্তিক বিষয়সমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে। ২। জোন/ইউনিট/বাগান ও সদর দপ্তরের শাখা প্রধানদের সাথে সমন্বয় করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং এপিএ টিম প্রধান এপিএ কার্যক্রম তদারকি করবে। ৩। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রতি মাসের এপিএ বাস্তবায়ন অগ্রগতি প্রতি সভায় উপস্থাপন করবেন। ৪। জোন দপ্তর ও বাগানের সিটিজেন চার্টার সদর দপ্তরের নির্দেশনা অনুযায়ী আপডেটেড করতে হবে। ৫। প্রতি মাসে এপিএ টিমের সভা করতে হবে। ৬। অধীনস্থ দপ্তরের এপিএ এর মূল্যায়ন করে পুরস্কারের ব্যবস্থা করতে হবে।	জি.এম দপ্তর ও সকল বাগানের এপিএ টিম প্রধানগণ।
০৪।	বাগান ভিত্তিক উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ	২০২৪-২৫ অর্থ বছরে বাগানের উৎপাদনশীল গাছের সংখ্যা, জীবনচক্র হারানো ও ক্ষতিগ্রস্ত গাছের সংখ্যা ও সার্বিক পরিস্থিতি বিবেচনা করে উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। জোন দপ্তর হতে বাগান ভিত্তিক উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করে চিঠি প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি মহোদয় বাগান ব্যবস্থাপকদের সেই অনুযায়ী মাসভিত্তিক উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করে জোন দপ্তরে প্রতিবেদন প্রেরণের নির্দেশনা দেন। সভাপতি মহোদয় লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে আলোচনা করেন।	২০২৪-২৫ অর্থ বছরের উৎপাদন লক্ষ্যমাত্রা বাগান ভিত্তিক নির্ধারণ করে সদর দপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রা মোতাবেক মাসভিত্তিক বিভাজন করে শতভাগ উৎপাদন অর্জন নিশ্চিত করার সিদ্ধান্ত হয়। এবং বাগানের সকল ব্লক টেপিং নিশ্চিত করতে হবে।	সকল বাগান ব্যবস্থাপক
০৫।	রি-টাক্কিং	সভাপতি মহোদয় প্রত্যেক বাগানের রি-টাক্কিং বিষয়ে আলোচনা করেন। উৎপাদনশীল গাছের সঠিক সংখ্যা নির্ণয় করতে ও উৎপাদন বৃদ্ধি তরান্বিত করতে প্রতি বছরই রি-টাক্কিং করার গুরুত্ব তুলে ধরেন। সকল বাগানে কমিটি গঠন করে অতি দ্রুত রি-টাক্কিং কাজ সম্পন্ন করে প্রতিবেদন প্রেরণের নির্দেশনা দেয়া হয়।	জোন দপ্তরের পত্র নং- রাঃবিঃমধুঃ/পঃউঃ-৫(৬)/৫৬৪, তারিখ-১৮/০৭/২০২৪ ইং এর নির্দেশানুযায়ী বাগান ভিত্তিক কমিটি গঠন করতে হবে এবং অতি দ্রুত রি-টাক্কিং কাজ শেষ করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	সকল বাগান ব্যবস্থাপক
০৬।	জনবলের আন্তঃসমন্বয়	দপ্তর/বাগান পর্যায়ে জনবলের ঘাটতি-বাড়তি বিষয়ে আলোচনা করে বাগান পর্যায়ে প্রয়োজনীয় জনবল কম/বেশী থাকলে আন্তঃসমন্বয় করার জন্য প্রস্তাব প্রেরণের বিষয়ে বিশদ আলোচনা করা হয়।	ঘাটতি/বাড়তি জনবলের ক্ষেত্রে আন্তঃসমন্বয়ের জন্য বদলীর প্রস্তাব সদর দপ্তরে প্রেরণ করতে হবে।	মহাব্যবস্থাপক ও সকল বাগান ব্যবস্থাপক
০৭।	উৎপাদন সামগ্রী ক্রয়	উৎপাদন সামগ্রীর মাঝে শুধু প্লাস্টিক বাটি ও ফরমিক এসিড টেন্ডারের মাধ্যমে ক্রয় করা হয়। তাছাড়া স্পাউট, চাকু, বালতি, এ্যামোনিয়া সহ বিভিন্ন উৎপাদন সামগ্রী বাগান পর্যায় হতে বাগান ব্যবস্থাপকদের বিধি মোতাবেক ক্রয় করার নির্দেশ দেয়া হয়। বাগান ব্যবস্থাপকগণ আগস্ট/২৪ মাসের মাঝে সকল উৎপাদন সামগ্রী ক্রয়ের জন্য অর্থ ছাড়দানের ব্যাপারে আলোচনা করেন।	সকল বাগানে প্রয়োজন অনুযায়ী ও বিধি মোতাবেক আগস্ট/২৪ মাসের মধ্যে উৎপাদন সামগ্রী ক্রয় করতে হবে।	সকল বাগান ব্যবস্থাপক
০৮।	নার্সারী সৃজন ও দ্বি-বার্ষিক প্রাক্কলন	২০২৪-২৫ অর্থ বছরের কর্মসূচি অনুযায়ী পীরগাছা রাবার বাগানে ৪.০ একর, চাঁদপুর রাবার বাগানে ৪.০ একর, সন্তোষপুর রাবার বাগানে ২.০ একর ও কর্ণঝোড়া রাবার বাগানে ০.৫ একর সহ মোট ১০.৫ একর নার্সারী সৃজন বিষয়ে আলোচনা করা হয়।	২০২৪-২৫ অর্থ বছরের দ্বি-বার্ষিক কর্মসূচি মোতাবেক নার্সারী সৃজন কাজ যথাসময়ে সম্পাদন করার সিদ্ধান্ত হয়।	সকল বাগান ব্যবস্থাপক
০৯।	রাবার কষের মান উন্নয়ন	সভাপতি মহোদয় বলেন যে, রাবার সীটের গুণগত মান বৃদ্ধি করতে হলে সবার প্রথমে রাবার কষের মান উন্নয়ন করতে হবে। কষে পানি মিশ্রণ প্রতিরোধ, লতা-পাতা, ময়লা-আবর্জনা, বালিসহ কোন প্রকার দূষণমূলক পদার্থ যেন কষে মিশ্রিত হতে না পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। সব সময় উন্নতমানের ছাঁকনির সাহায্যে রাবার কষ ছেকে পার্টিশন প্লেটে কোয়াগুলেট করার বিষয়ে আলোচনা করা হয়।	রাবার কষের মান উন্নয়নে সকল দিক নির্দেশনা যথাযথ অনুসরণ করে রাবার কষের ও রাবার সীটের মান উন্নয়ন করতে হবে।	সকল বাগান ব্যবস্থাপক

04.08.24

08/8/24

১০।	টেন্ডার বিষয়ক আলোচনা	অত্র জোনের ০৫ টি বাগানের জন্য প্লাস্টিক বাটি, ফরমিক এসিড ও রাবার পরিবহন কাজের টেন্ডার বিষয়ক বিশদ আলোচনা করা হয়। ২০২৩-২৪ অর্থ বছরে সৃজিত পুনর্বাসন বাগানের অভ্যন্তরে কত একর জায়গাতে আন্তঃফসল চাষ করা যাবে এবং ২০২৪-২৫ অর্থ বছরের দ্বি-বার্ষিক কর্মসূচি মোতাবেক পুনর্বাসন বাগান সৃজনের জন্য কতটি জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন করা হবে উক্ত বিষয়ে আলোচনা করা হয়।	২০২৪-২৫ অর্থ বছরে টাঙ্গাইল-শেরপুর জোনের নিয়ন্ত্রণাধীন ০৫ টি বাগানের জন্য (ক) প্লাস্টিক বাটি ক্রয় (খ) বাগান হতে মিরপুর রাবার বিক্রয় কেন্দ্র, ঢাকায় রাবার পরিবহন ও (গ) রাবার কষ প্রসেসিং কাজে ব্যবহারের জন্য ফরমিক এসিড ক্রয় কার্যাদি কোন প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদন করা যায় সেই বিষয়ে মহাব্যবস্থাপক মহোদয় বাগান ব্যবস্থাপকদের মতামত ব্যক্ত করার জন্য বলেন, সভায় ০৫ বাগানের ব্যবস্থাপক ও জোন দপ্তরের হিসাব বিভাগের প্রধান জানান যে, যেহেতু ০৫ টি বাগানের প্রয়োজনে প্লাস্টিক বাটি, রাবার পরিবহন ও ফরমিক এসিড দরপত্র আহবানের মাধ্যমে ক্রয় করতে হয় এবং ০৫ টি বাগান হতে পৃথক পৃথক টেন্ডার আহবান করলে পত্রিকার বিল ও দরপত্র মূল্যায়ন কমিটির সম্মানী ভাতা ০৫ গুন বৃদ্ধি পায়। সেহেতু বাগান পর্যায়ে পৃথক পৃথক টেন্ডারের কার্যক্রম গ্রহণ না করে জোন দপ্তর হতে ০১ টি বিজ্ঞপ্তিতে টেন্ডার আহবান করা হলে খরচ কম হবে। কাজেই জোন দপ্তর হতে টেন্ডার প্রক্রিয়ায় বর্ণিত ০৩ টি কাজ সম্পাদনের জন্য সকলের মতামত ও সুপারিশের ভিত্তিতে জোন দপ্তর হতে টেন্ডার আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়। ০৫ বাগানের ব্যবস্থাপক আরো জানান যে, ইতিপূর্বে ২০২৪-২৫ অর্থ বছরের প্রয়োজনীয় সংখ্যক প্লাস্টিক বাটি , রাবার পরিবহন ও ফরমিক এসিডের চাহিদার পরিমাণ পত্র মারফত জোন দপ্তরে প্রেরণ করা হয়েছে।	মহাব্যবস্থাপক ও জোন দপ্তরের প্রশাসন শাখা
১১।	বাগান ভিত্তিক লাভ-ক্ষতি	২০২৩-২৪ অর্থ বছরের বাগান ভিত্তিক লাভ-ক্ষতি বিষয়ক আলোচনা করা হয়। অত্র জোনের ০৫ টি বাগানের মধ্যে পীরগাছা ৩২৭৪২৯৪২.০০ টাকা, চাঁদপুর ৪৩৪৬৩৪১.০০ টাকা এবং কমলাপুর ২৫৪৫০২১.০০ টাকা লাভ করতে পেরেছে। অপরদিকে সন্তোষপুর (-)১১২১৫৩৪০ টাকা ও কর্ণঝোড়া রাবার বাগানে (-) ১০৫৬৩৯৫ টাকা লোকসান হয়েছে। লাভ-ক্ষতি বিবেচনায় অত্র জোনের ২৭৩৬২৫৬৯.০০ টাকা লাভ অর্জিত হয়েছে। সভাপতি মহোদয় পরবর্তীঅর্থ বছরে কোন ভাবেই কোন বাগান যেন ক্ষতিতে না থাকে সেই বিষয়ে পরামর্শ প্রদান করেন।	১। ২০২৪-২৫ অর্থ বছরে উৎপাদন বৃদ্ধি তরান্বিত করতে হবে। ২। উৎপাদন খরচ সাশ্রয় করতে হবে। ৩। যথাসময়ে রাবার বিক্রি নিশ্চিত করতে হবে। ৪। সর্বোপরি বাগান ভিত্তিক সকল বাগানে লাভ অর্জন নিশ্চিত করতে হবে।	সকল বাগান ব্যবস্থাপক
১২।	অডিট আপত্তি বিষয়ক	জোন দপ্তর ও বাগান পর্যায়ের অডিট আপত্তি বিষয়ক আলোচনা কর হয়। জোন দপ্তরের হিসাব প্রধান অডিট আপত্তি বিষয়ে জবাব প্রেরণের বিষয়ে আলোচনা করেন।	বাগান পর্যায়ে যেসব অডিট আপত্তি রয়েছে, আপত্তি সমূহের জবাব প্রেরণ করতে হবে।	জোন দপ্তরের হিসাব শাখা ও সকল বাগান ব্যবস্থাপক
১৩।	নার্সারীর চারা পরিচর্যা	২০২৩-২৪ অর্থ বছরে নার্সারী সৃজন নতুন নার্সারীর গ্রাফটিং কাজের অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়।	২০২৩-২৪ অর্থ বছরে সৃজিত নতুন নার্সারীর আগাছা পরিষ্কার রাখতে হবে। যথাযথ সময়ের মাঝে গ্রাফটিং কাজ সম্পন্ন করতে হবে।	ব্যবস্থাপক, পীরগাছা/ চাঁদপুর/ সন্তোষপুর/ কণঝোড়া রাবার বাগান।

বাগানের নাম	লক্ষ্যমাত্রা	অর্জন	রোপিত চারার পরিমান	জীবিত চারার পরিমান	গ্রাফটেড	নন-গ্রাফটেড
পীরগাছা	৩.০	৩.০	৯০,০০০	৭৭৮৫২	৬০০০০	১৭৮৫২
চাঁদপুর	৩.০	৩.০	৯০,০০০	৬৯১৮৪	৬২৯৬৫	৬২১৯
সন্তোষপুর	৩.০	৩.০	৯০,০০০	৫৮১০৮	৫৭২০২	৯০৬
কমলাপুর	--	--	--	--		
কর্ণঝোড়া	০.৫	০.৫	১৫,০০০	১৩১৫৪	১১০০৩	২১৫১
মোট	৯.৫	৯.৫	২,৮৫,০০০	২১৮২৯৮	১৯১১৭০	২৭১২৮

১৪।	জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন ও আন্তঃ/সাথী ফসল চাষ	২০২৩-২৪ অর্থ বছরে সৃজিত পুনর্বাসন বাগানের অভ্যন্তরে কত একর জায়গাতে আন্তঃ ফসল চাষ করা যাবে এবং ২০২৪-২৫ অর্থ বছরের দ্বি-বার্ষিক কর্মসূচি মোতাবেক পুনর্বাসন বাগান সৃজনের জন্য কতটি জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন করা হবে উক্ত বিষয়ে আলোচনা করা হয়।	জোন দপ্তরের পত্র নং- রাঃবিঃমধুঃ/পঃউঃ-১(১৬)/৫৬৫, তারিখ-১৮/০৭/২০২৪ ইং এর নির্দেশানুযায়ী বাগান হতে অতি দ্রুত প্রতিবেদন প্রেরণ করতে হবে।	ব্যবস্থাপক, পীরগাছা, চাঁদপুর, সন্তোষপুর ও কর্ণঝোড়া রাবার বাগান
১৫।	পুনর্বাসন বাগান	২০২৩-২৪ অর্থ বছরে পীরগাছা রাবার বাগানে ১৭৫.০ একর, সন্তোষপুর রাবার বাগানে ১৫০.০ একর ও কর্ণঝোড়া রাবার বাগানে ২০.০ একর পুনর্বাসন বাগান সৃজনের বিষয়ে আলোচনা হয় । ইতোমধ্যে পুনর্বাসন বাগান সৃজনের কাজ শেষ হয়েছে। সভাপতি মহোদয় পুনর্বাসন বাগান তদারকির নিমিত্তে বাগান ভিত্তিক এবং জোন দপ্তর হতে গঠিত তদারকি কমিটিকে সঠিকভাবে দায়িত্ব পালনের নির্দেশনা দেওয়া হয়।	২০২৩-২৪ অর্থ বছরে সৃজিত পুনর্বাসন বাগানের যথাযথ পরিচর্যার সিদ্ধান্ত হয় এবং ২০২৪-২৫ অর্থ বছরের দ্বি-বার্ষিক কর্মসূচি অনুযায়ী নতুন বাগান সৃজনের অগ্রীম প্রস্তুতি হিসাবে কার্যক্রম গ্রহণের আলোচনা ও সিদ্ধান্ত হয়।	ব্যবস্থাপক, পীরগাছা, সন্তোষপুর ও কর্ণঝোড়া রাবার বাগান।
১৬।	সেবা সহজীকরন (সিটিজেন চার্টার)	মহাব্যবস্থাপক মহোদয় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত সকল পদক্ষেপ ও কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। সকলের জন্য সেবা প্রাপ্তি সহজ করতে সেবা প্রদানের সকল ইস্যু রেজিস্টারে সংরক্ষন ও সেবা প্রদানের তালিকা (সিটিজেন চার্টার) তৈরী ও প্রতি কোয়ার্টারে সিটিজেন চার্টার আপডেট করার বিষয়ে আলোচনা করা হয়।	জোন দপ্তর ও সকল বাগানের সিটিজেন চার্টার সদর দপ্তরের নির্দেশনা ও ভিশন/মিশন অনুযায়ী আপডেট করতে হবে।	জি.এম দপ্তর ও সকল বাগানের এপিএ টিম প্রধানগণ।
১৭।	রাবার বিক্রয় সংক্রান্ত	প্রত্যেক বাগানে পর্যাপ্ত স্টক থাকায় বিক্রয় ইনচার্জের সহিত আলোচনা করে রাবার বিক্রি তরান্বিত করার বিষয়ে আলোচনা করা হয়।	বিক্রয় ইনচার্জ এর সহিত আলোচনা করে রাবার বিক্রি তরান্বিত করতে হবে।	সকল বাগান ব্যবস্থাপক
১৮।	উৎপাদন খরচ সাশ্রয়	উৎপাদন অর্জন বৃদ্ধির পাশাপাশি উৎপাদন খরচ কমানোর বিষয়ে আলোচনা করা হয়। কর্মকর্তা/কর্মচারী/শ্রমিকদের বেতন মজুরী যে হারে বৃদ্ধি পেয়েছে সে তুলনায় উৎপাদন বৃদ্ধি পাচ্ছে না। কাজেই বেতন ভাতা যোগাড় করার জন্য লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদন অর্জন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আপ্রাণ চেষ্টা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় এবং উৎপাদন খরচ কমানোর পরামর্শ দেয়া হয় ।	উৎপাদন বৃদ্ধির সাথে তাল মিলিয়ে উৎপাদন খরচ সাশ্রয় করতে হবে।	সকল বাগান ব্যবস্থাপক

টেপিং চলাকালীন বাগানে কর্মরত মাঠের সকল জনবল টেপিং এলাকায় টহল দিয়ে কষের পানি দেওয়া প্রতিরোধ, কষ চুরি প্রতিরোধ, শতভাগ গাছ টেপিং নিশ্চিত করতে হবে। বাগান ব্যবস্থাপককে সপ্তাহে অন্তত ২টি উৎপাদন ব্লক পরিদর্শন প্রতিবেদন জি.এম দপ্তরে পাঠাতে হবে। সহ-মাঠ তত্ত্বাবধায়ক ও টেপিং সুপারভাইজারগন ব্লক তদারকী করে প্রতিবেদন বাগান ব্যবস্থাপক বরাবর জমা দিবেন। বাগানের জমি কেউ যেন জবর দখল করতে না পারে সে দিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে। বাগনের কোন জায়গা জবর দখল হলে বাগান ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট শ্রমিক কর্মচারী দায়ী হবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৭.০৮.২০২৪

(মোহাম্মদ ইসমাইল হোসেন)
মহাব্যবস্থাপক
বিএফআইডিসি, রাবার বিভাগ
টাংগাইল-শেরপুর জোন।

০৪/৮/২৪

তারিখ ঃ 08/08/2024

সুত্রঃ-রাঃবিঃমধু/পঃউঃ-১ (১৩)/২০২৪-২০২৫/ ৬০৯

০৭.০৮.২৪

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি ঃ

০১। পরিচালক (পরিঃ উন্নয়ন),বিএফআইডিসি, সদর দপ্তর ঢাকা ১০০০।
০২। মহাব্যবস্থাপক(রাবার), বিএফআইডিসি, , সদর দপ্তর ঢাকা ১০০০।
০৩। একান্ত সচিবের মাধ্যমে চেয়ারম্যান বশিউক, সদর দপ্তর ঢাকা ১০০০(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। ব্যবস্থাপক, বিএফআইডিসি, পীরগাছা/চাঁদপুর/সন্তোষপুর/কমলাপুর/কর্ণঝোড়া রাবার বাগান, টাংগাইল/ময়মনসিংহ/শেরপুর।
০৫। অফিস কপি।

০৭.০৮.২০২৪

মহাব্যবস্থাপক

০৪/৮/২৪

৭.০৮.২৪

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
রাবার বিভাগ
টাংগাইল-শেরপুর জোন, মধুপুর, টাংগাইল।
E-mail: gmmadhupurrd@gmail.com

রাবার কাঠ শক্ত, টেকসই ও উন্নতমানের। আপনিও রাবার কাঠের আসবাবপত্র ব্যবহার করুন।

অদ্য ২৮/০৭/২০২৪খ্রি. রোজ রবিবার বেলা ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের স্বাক্ষর :-

ক্রঃনং	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবী	উপস্থিতির স্বাক্ষর
০১	জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন	মহাব্যবস্থাপক বিএফআইডিসি, রাবার বিভাগ, টাংগাইল-শেরপুর জোন, মধুপুর, টাংগাইল	28.07.2024
০২	জনাব সন্দীপ কুমার সরকার	ব্যবস্থাপক বিএফআইডিসি, পীরগাছা রাবার বাগান, মধুপুর, টাংগাইল	28/7/24
০৩	জনাব মোঃ হারুন-অর-রশিদ	ব্যবস্থাপক বিএফআইডিসি, সন্তোষপুর রাবার বাগান, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ	28.07.24
০৪	জনাব মোঃ আলফাজ আলী	উপ-ব্যবস্থাপক (হিসাব) বিএফআইডিসি, রাবার বিভাগ, টাংগাইল-শেরপুর জোন, মধুপুর, টাংগাইল	28-07-24
০৫	জনাব মোঃ হুমায়ুন কবির	ব্যবস্থাপক বিএফআইডিসি, চাঁদপুর রাবার বাগান, মধুপুর, টাংগাইল	28/7/24
০৬	জনাব মোঃ আব্দুর রশিদ	ব্যবস্থাপক বিএফআইডিসি, কমলাপুর রাবার বাগান, মধুপুর, টাংগাইল	২৮.০৭.২০২৪
০৭	জনাব বিজন কুমার ভৌমিক	ব্যবস্থাপক বিএফআইডিসি, কর্ণঝোড়া রাবার বাগান, শ্রীবর্দী, শেরপুর	28.07.24
০৮	জনাব মোঃ হাফিজুর রহমান	প্রধান সহকারী (প্রশাসন) বিএফআইডিসি, রাবার বিভাগ, টাংগাইল-শেরপুর জোন, মধুপুর, টাংগাইল	28/7/24
০৯	জনাব মাহমুদা আক্তার	সহ-মাঠ তত্ত্বাবধায়ক বিএফআইডিসি, রাবার বিভাগ, টাংগাইল-শেরপুর জোন, মধুপুর, টাংগাইল	28.07.24